

## সংগঠনের ধারণা

কোন নির্দিষ্ট লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে উৎপাদনের উপকরণ ভূমি, শ্রম, মূলধনের আনুপাতিক সংগ্রহ, সংযোজন ও সমন্বয়

সাধনের মাধ্যমে উৎপাদন পরিচালনা ও বিপণনের ব্যবস্থা করে থাকে সংগঠন। অর্থাৎ আমরা বলতে পারি উৎপাদনের

অন্যান্য মৌলিক উপাদানগুলোর মাঝে সমন্বয় সাধনের কাজকে সংগঠন বলে। বিভিন্ন মনীষী সংগঠন সম্পর্কে যে ধারণা

দিয়েছেন তার কয়েকটি নিম্নে দেয়া হল:

অধ্যাপক হানির মতে, “কোন সাধারণ উদ্দেশ্য বা উদ্দেশ্যাবলী সাধনের জন্য বিশেষায়িত উপাদানের মাঝে সুষ্ঠুসমন্বয়

সাধনকে সংগঠন বলে।”

অধ্যাপক সিলওয়ার্ড বলেন, “কর্ম ও কর্মীর মধ্যে সামঞ্জস্যপূর্ণ পারস্পরিক সম্পর্কই হল সংগঠন।”

অর্থনীতিবিদ টেরি ও ফ্রাঙ্কলিন বলেন, “সংগঠন হল কতিপয় ব্যক্তির মধ্যে কার্যকর আচরণগত সম্পর্ক প্রতিষ্ঠা করা, যাতে

তারা দক্ষতার সাথে কিছু লক্ষ্য বা উদ্দেশ্য অর্জনে পারিপার্শ্বিক অবস্থার প্রেক্ষিতে সন্তুষ্টি সহকারে একত্রে কাজ করতে

পারে।”

উপরের আলোচনা থেকে সংগঠনের নিম্নলিখিত বৈশিষ্ট্যসমূহ লক্ষ্য করা যায়:

র) সংগঠনের মাধ্যমে উৎপাদনের অন্যান্য উপাদানগুলোর মধ্যে সুষ্ঠুভাবে সমন্বয় সাধন করা হয়।

রর) সংগঠন উৎপাদনের একটি অপরিহার্য উপাদান।

ররর) উৎপাদন ও বিপণনের সহায়ক কার্যাবলী সংগঠনের অন্তর্গত

সংগঠনের বৈশিষ্ট্য (ঋবধঃঁৎবং ড়ভ ঔৎমধহরুধঃরড়হ)

র) সংগঠন উৎপাদনের একটি অন্যতম উপকরণ।

রর) উৎপাদনের অন্যান্য উপকরণ সংগ্রহ ও তাদের মধ্যে সুষ্ঠু সমন্বয় সাধন হয় সংগঠনের মাধ্যমে।

ররর) সংগঠন একটি বিমূর্ত ধারণা।

রা) সংগঠনের মাধ্যমে পরিকল্পনা, উৎপাদন পরিচালনা ও বিপণন কার্য সম্পাদিত হয়।

া) মানুষের বস্তুগত ও অবস্তুগত চাহিদা পূরণে সংগঠন একটি গুরুত্বপূর্ণ উপাদান।

সংগঠক বা উদ্যোক্তা (উহঃৎবঢৎবহবঁৎ)

সংগঠন পরিচালনা করেন যিনি, তিনিই উদ্যোক্তা বা সংগঠক। উদ্যোক্তাই উৎপাদনের অন্যান্য উপাদানগুলোকে একত্রিত

করে তাদেরকে প্রয়োজন অনুসারে সমন্বয় সাধন করে। একজন সফল উদ্যোক্তাই উৎপাদনের বিভিন্ন উপাদানগুলোকে

সুসংবদ্ধভাবে সমন্বয় সাধন করে স্বল্প সময়ে ও অল্প ব্যয়ে অধিক পরিমাণ উৎপাদন করার পদ্ধতি গ্রহণ করেন। বর্তমান

সময়ে উদ্যোক্তা বলতে ঐ রকম শিল্প প্রতিভাকে বোঝায় যারা শিল্পের ক্ষেত্রে নতুন দিগন্ত উন্মোচন করেন। উদ্যোক্তা

মুনাফার নতুন নতুন পথ আবিষ্কার করে শিল্পের অগ্রগতি সাধন করে। তবে অনেক সময় তাকে ক্ষতির ঝুঁকিও বহন করতে

হয়। অধ্যাপক মার্শাল সংগঠককে “শিল্পের চালক” বলে অভিহিত করেছেন। আবার অর্থনীতিবিদ হারভি লাইবেন স্টাইন

বলেন-“অর্থনৈতিক সম্ভাবনার অনুসন্ধান, আবিষ্কার, মূল্যায়ন, অর্থনৈতিক সম্পদের সমাবেশ, ব্যবস্থাপনার ঝুঁকি বহন,

নতুন তথ্যাদির অনুসন্ধান এবং প্রাপ্ত দ্রব্যের নতুন বাজার, কলাকৌশল ও দ্রব্য রূপান্তর এবং কর্মী শ্রেণীকে নেতৃত্ব প্রদান

করাই হলো উদ্যোক্তার কাজ।